# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

পরিচালকের কার্যালয়
কর্মচারী উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো।
১২-১৩ মতিঝিল, রহমান চেম্বার
(১০ম তলা), মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
ফোনঃ ৯৫৬০৯০৬, ৯৫৫০৯৩৭(ফ্যাক্স)।
ই-মেইল-dir.staff.bwdb@gmail.com

www.bwdb.gov.bd

OFFICE OF THE DIRECTOR
DIRECTORATE OF STAFF DEVELOPMENT.
BWDB, RAHMAN CHAMBER (9TH FLOOR),
12-13 MOTIJHEEL C/A, DHAKA-1000.
PHONE: 9550937(Fax), 9560906.
**e-mail:** dir.staff.bwdb@ gmail.com

**স্মারক নং-১২১৯-পাউবো (কউ)/এফ-৫/২০১৪** **তারিখঃ ১৫পৌষ ১৪২১ বঙ্গাব্দ/২৯-১২-২০১৪ খ্রিঃ।**

## "দপ্তরাদেশ"

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডে **সিনিয়র ডাটা এন্ট্রি অপারেটর** পদে নিম্নলিখিত প্রার্থীকে (মুক্তিযোদ্ধা কোটায়) শর্তসাপেক্ষে সাময়িকভাবে নিয়োগ করতঃ নামের পার্শ্বে বর্ণিত দপ্তরে যোগদানের নির্দেশ প্রদান করা হলো। তিনি জাতীয় বেতন স্কেল-২০০৯ এর ১৩তম গ্রেড টাকা ৫৫০০-৩৪৫x৭-৭৯১৫-ইবি-৩৮০x ১১-১২০৯৫ এবং তৎসহ সরকার কর্তৃক প্রদত্ত সুবিধাদি পাবেন।

| ক্রঃ নং | নাম | পিতা/স্বামীর নাম ও মাতার নাম | জন্ম তারিখ | স্থায়ী ঠিকানা | যে দপ্তরে কর্ম নিয়োগ করা হলো |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১। | মোঃ মফিজ উদ্দিন | মোঃ খলিলুর রহমান<br>মরিয়ম বেগম | ১৫/০১/১৯৮৭ | গ্রামঃ মিরপুর<br>পোঃ ছনখোলা<br>থানাঃ ঘাটাইল<br>জেলাঃ টাঙ্গাইল | পরিচালকের কার্যালয়<br>কর্মচারী উন্নয়ন পরিদপ্তর,<br>বাপাউবো, ঢাকা। |

০২। **নিয়োগের শর্তাবলী ঃ**

(ক) তাঁর চাকুরী বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা/কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এবং সময় সময় বাংলাদেশ সরকার এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সংশ্লিষ্ট আদেশাদি দ্বারা নিয়ন্ত্রিত হবে।

(খ) চাকুরীতে যোগদানের সময় তাঁকে বোর্ডের নির্ধারিত ফরমে স্থাবর ও অস্থাবর সম্পত্তির বিবরণ, নির্ধারিত পুলিশ ভেরিফিকেশন ফরম পূরণ করতঃ এবং জেলা সিভিল সার্জন অথবা বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মেডিক্যাল অফিসারের নিকট হতে শারীরিক সুস্থতার স্বপক্ষে প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

(গ) পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক পাওয়া না গেলে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগাদেশ বাতিল বলে গণ্য হবে।

(ঘ) তিনি ০১(এক) বৎসরের জন্য শিক্ষানবীশ হিসাবে কর্মরত থাকবেন। সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট ও সংশ্লিষ্ট দপ্তর প্রধান কর্তৃক সন্তোষজনক কার্য সম্পাদন প্রতিবেদন এবং অন্যান্য শর্ত প্রতিপালন সাপেক্ষে শিক্ষানবীশকাল সম্পন্ন করার পর যোগদানের তারিখ হতে চাকুরী স্থায়ীকরণের জন্য বিবেচিত হবেন। **চাকুরী স্থায়ীকরণ না হওয়া পর্যন্ত বাৎসরিক বেতন বৃদ্ধি হবে না।**

(ঙ) নিয়োগ আদেশ জারীর তারিখ হতে ২১(একুশ) দিনের মধ্যে চাকুরীতে যোগদান করলে মেধাভিত্তিক জ্যেষ্ঠতা বলবৎ থাকবে। উক্ত সময়ের মধ্যে যোগদানে ব্যর্থ হলে নিয়োগাদেশ জারীর তারিখ হতে সর্বোচ্চ ৩০(ত্রিশ) দিনের মধ্যে যোগদান করতে পারবেন। তবে সে ক্ষেত্রে যোগদানের তারিখ হতে জ্যেষ্ঠতা নির্ধারিত হবে। নিয়োগাদেশ জারীর উল্লিখিত ৩০(ত্রিশ) দিনের মধ্যে যোগদানে ব্যর্থ হলে নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

(চ) তাকে মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগ প্রদান করা হলো। তার দাখিলকৃত মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা সংক্রান্ত সনদের সত্যতা যাচাইয়ের কাজ প্রক্রিয়াধীন আছে। যাচাইয়ান্তে সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধা সনদ সঠিক বিবেচিত না হলে তার নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। উপরন্তু নিয়োগ বাতিল হলে পূর্বের উত্তোলিত যাবতীয় বেতন-ভাতাদি ফেরত প্রদান করতে হবে। অন্যথায় সরকারী আইন অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

(ছ) তিনি নামের পার্শ্বে বর্ণিত দপ্তরে যোগদান পত্র দাখিল করবেন। চাকুরীতে যোগদান করার জন্য কোন প্রকার ভ্রমণ ভাতা/ দৈনিক ভাতা বা অন্য কোন প্রকার আর্থিক সুবিধা প্রদান করা হবে না।

(জ) অন্য কোন সংস্থায় চাকুরীরত প্রার্থীর অত্র সংস্থায় যোগদানের পূর্বে কর্মরত সংস্থা হতে ছাড়পত্র গ্রহণ করা বাধ্যতামূলক। যোগদান পত্রের সাথে অবশ্যই উক্ত ছাড়পত্র দাখিল করবেন।

(ঝ) শিক্ষানবীশ সময়ে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকলে অনুপস্থিতির দিন হতে কোন প্রকার নোটিশ প্রদান ব্যতীতই চাকুরীচ্যূত হিসাবে গণ্য করা হবে এবং পদটি শূন্য বলে বিবেচিত হবে।

০৩। **বাপাউবোর মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।**

২৯/১২/১৪

(মোঃ আব্দুল হাই)
পরিচালক

**স্মারক নং-১২১৯/১(১০০)-পাউবো (কউ)/এফ-৫/২০১৪** **তারিখঃ ১৫ পৌষ ১৪২১ বঙ্গাব্দ/২৯-১২-২০১৪ খ্রিঃ।**

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ**

১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

**অনুলিপি সদয় অবগতির/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ**

১। প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী, .. .. .. .. .. .. .. .. .. .. .. .. ... .. .. .. .. .বাপাউবো, .. .. .. .. .. .. ।
২। প্রধান/নিয়ন্ত্রক .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. . বাপাউবো, .. .. .. .. .. .. .. ।
৩। সচিব, বাপাউবো, ঢাকা।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক/পরিচালক/অধ্যক্ষ, .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. বাপাউবো, .. .. .. ।
৫। নির্বাহী প্রকৌশলী, .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. . বাপাউবো, .. .. .. .. .. .. .. ।
৬। মহাপরিচালক মহোদয়ের চীফ স্টাফ অফিসার, বাপাউবো, ঢাকা।
৭। উপ-পরিচালক/হিসাব রক্ষণ কর্মকর্তা, .. .. .. .. .. .. .. .. আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, .. .. .. .. .. .. ।
৮। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পরিকল্পনা/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/অর্থ), বাপাউবো, ঢাকা।
৯। মাস্টার কপি/নথির কপি।
১০। রেজিষ্টার্ড উইথ এডি টু,
জনাব .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. ।

২৯/১২/১৪

**পরিচালক**
কর্মচারী উন্নয়ন পরিদপ্তর,
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।